

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন অধিশাখা-৪

স্বঃ মঃ (বহি-৪)বিবিধ-১৬/২০০৬/৭২

তারিখঃ ১৮ এপ্রিল ২০১১

বিষয় : প্রবাসী বাংলাদেশীদের এমআরপি ইস্যুর লক্ষ্যে জন্ম নিবন্ধন সনদ ইস্যু।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৩/৪/২০১১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী বাংলাদেশীদের এমআরপি প্রদানের লক্ষ্যে জন্ম নিবন্ধন সনদ ইস্যু করণ বিষয়ে গত ১৩/৪/২০১১ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নিম্নরূপ :

(ক) বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের নিম্নোক্ত ১৭ কলামে ব্যক্তি পরিচিতি নং সন্নিবেশক্রমে বাংলাদেশ দূতাবাস হতে জন্ম সনদ ইস্যু করা হবে।

জন্ম বছরের খৃষ্টাব্দ সন	দূতাবাস কোড	RMO	কান্ট্রি কোড	কম্প্যুলেট কোড	ব্যক্তির ক্রমিক নম্বরের ধারাবাহিক সংখ্যা

(খ) পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত ছক মোতাবেক সংশ্লিষ্ট দূতাবাস কোড, কান্ট্রি কোড এবং কম্প্যুলেট কোড বরাদ্দ করবে।

উক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মোঃ সলিমুল্লাহ)
উপ-সচিব
ফোন : ৭১৭১৬৯৭

বিতরণ :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, প্রবাসি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
- ৬। প্রকল্প পরিচালক, এমআরপি প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
- ৭। প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, পরিবহন পুল ভবন, ঢাকা।